

১৯-২০ জুন, ২০১৩ পররাষ্ট্রমন্ত্রীর ইরাক সফর

ইরাক প্রজাতন্ত্রের সম্মানীয় বিদেশমন্ত্রী মিঃ হোসিয়ার জেবেরির আমন্ত্রণে পররাষ্ট্রমন্ত্রী শ্রী সলমন খুরশিদ আগামী ১৯-২০ জুন, ২০১৩ সরকারি সফরে বাগদাদ যাচ্ছেন।

২. ১৯৯০ সালে তদানীন্তন পররাষ্ট্রমন্ত্রী আই কে গুজরাল উপসাগরীয় যুদ্ধের সময় ভারতীয়দের উদ্ধারের জন্য ইরাক গিয়েছিলেন। তারপর এই প্রথম উচ্চস্তরীয় সরকারি সফরে যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী।

৩. এই সফরে পররাষ্ট্রমন্ত্রী অভিন্ন স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়সমূহের উপর ইরাকের বিদেশমন্ত্রী সম্মানীয় মিঃ হোসিয়ার জেবারির সংগে বৈঠক করবেন। তিনি বাগদাদে থাকাকালীন সেদেশের প্রতিনিধি পরিষদের চেয়ারম্যান প্রধানমন্ত্রী এবং উপপ্রধানমন্ত্রীর সংগে দেখা করবেন।

৪. বিশ্বের তৃতীয় বৃহত্তম তেল ভান্ডার রয়েছে ইরাকে এবং ভারতে দ্বিতীয় বৃহত্তম অপরিশোধিত তেল সরবরাহকারী দেশ। যুদ্ধোত্তর ইরাকে পূর্নগঠন এবং উন্নয়ন প্রকল্পে সহযোগিতা করতে ভারত দায়বদ্ধ।

৫. এই সফরে দ্বিপাক্ষিক সম্পর্কে এক গতি মিলবে এবং উভয় দেশের জনতার কল্যাণে দ্বিপাক্ষিক সম্পর্ক শিখরে উন্নীত হবে।

নয়াদিল্লি

১৬ জুন, ২০১৩